# NTRCA লেকচার শিট বাংলাদেশ বিষয়াবলি

## লেকচার ০৪

**লেকচার টপিক**

- বাংলাদেশের মহান স্বাধীনতা যুদ্ধের ইতিহাস
  - ১৯৫২ সালের ভাষা আন্দোলন
  - ১৯৫৪'র যুক্তফ্রন্ট নির্বাচন
  - কাগমারি সম্মেলন
  - ১৯৫৮'র আইয়ুব খানের সামরিক শাসন
  - ১৯৬৯'র গণঅভ্যুত্থান

## ১৯৫২ সালের ভাষা আন্দোলন

পাকিস্তান রাষ্ট্র সৃষ্টির পূর্বেই পাকিস্তানের রাষ্ট্রভাষা কী হবে সেটা নিয়ে বিতর্ক দেখা দেয়। চৌধুরী খালেকুজ্জামান ও আলীগড় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য জিয়াউদ্দিন আহমদ উর্দুকে পাকিস্তানের রাষ্ট্রভাষা করার প্রস্তাব করলে ভাষাবিজ্ঞানী ড. মুহাম্মদ শহীদুল্লাহ, ড. এনামুল হকসহ অনেক বুদ্ধিজীবী এ প্রস্তাবের বিরোধিতা করেন। পাকিস্তানের কেন্দ্রীয় নেতৃবৃন্দ সমগ্র পাকিস্তানের ৫৬.৪০% জনগণের মুখের ভাষা 'বাংলা' হওয়া সত্ত্বেও 'উর্দু' (মাত্র ৩.২৭% মানুষের মুখের ভাষা) কে পাকিস্তানের রাষ্ট্রভাষা করার অগণতান্ত্রিক ও স্বেচ্ছাচারী সিদ্ধান্ত নিলে বাঙালির মনে ক্ষোভের সঞ্চার করে।

### ভাষা আন্দোলন

**১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময়-**

| | |
|---|---|
| পাকিস্তানের গভর্নর জেনারেল | মালিক গোলাম মোহাম্মদ |
| পাকিস্তানের প্রধানমন্ত্রী | খাজা নাজিমউদ্দিন |
| পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী | নুরুল আমিন |

### ■ ভাষা আন্দোলনের ঘটনাপ্রবাহ:

| | |
|---|---|
| ২ সেপ্টেম্বর, ১৯৪৭ | ভাষার দাবিতে প্রতিষ্ঠিত প্রথম সাংস্কৃতিক প্রতিষ্ঠান 'তমদ্দুন মজলিস'-এর প্রতিষ্ঠাতা হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক আবুল কাশেম।<br>"পাকিস্তানের রাষ্ট্রভাষা বাংলা-না উর্দু?" (১৯৪৭ সালের ১৫ সেপ্টেম্বর) পুস্তিকাটির লেখক ৩ জন:<br>১. অধ্যাপক আবুল কাশেম<br>২. কাজী মোতাহার হোসেন<br>৩. আবুল মনসুর আহমদ |
| ২৩ ফেব্রুয়ারি, ১৯৪৮ | পাকিস্তান গণপরিষদের প্রথম অধিবেশনে কুমিল্লার ধীরেন্দ্রনাথ দত্ত উর্দুর পাশাপাশি বাংলাকেও গণপরিষদের অন্যতম ভাষারূপে স্বীকৃতি দেওয়ার দাবি জানান। |
| ১১ মার্চ, ১৯৪৮ | ⇒ 'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' রাষ্ট্রভাষার ক্ষেত্রে সরকারের ষড়যন্ত্র রোধ করার জন্য ১৯৪৮ সালের ১১ মার্চ থেকে সাধারণ ধর্মঘটের ডাক দেয়।<br>⇒ ঐ দিন ঢাকায় বহু ছাত্র আহত এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ অনেকে গ্রেফতার হন।<br>⇒ ১৯৪৮-৫২ সাল পর্যন্ত প্রতি বছর ১১ মার্চকে 'ভাষা দিবস' হিসেবে পালন করা হত। |
| ৩১ জানুয়ারি, ১৯৫২ | ⇒ কাজী গোলাম মাহবুবকে আহ্বায়ক করে ৪০ সদস্যবিশিষ্ট একটি সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত হয়।<br>⇒ আওয়ামী মুসলীম লীগ সভাপতি আবদুল হামিদ খান ভাসানীর নেতৃত্বে ঢাকা বার লাইব্রেরিতে সর্বদলীয় সভায় ধর্মঘট সমর্থন এবং ২১ ফেব্রুয়ারি হরতাল ডাকা হয়। |
| ২০ ফেব্রুয়ারি, ১৯৫২ | ছাত্র আন্দোলনের ভয়ে ভীত হয়ে নুরুল আমিন সরকার ১৪৪ ধারা জারি করে এবং সভা-সমাবেশ নিষিদ্ধ করে। |

| | |
|---|---|
| ২১ ফেব্রুয়ারি, ১৯৫২ [৮ ফাল্গুন, ১৩৫৮] [বৃহস্পতিবার] | ⇒ সকাল ১১ টায় ঢাবির আমতলায় (বর্তমান ঢাকা মেডিকেল কলেজের সামনে) ছাত্রনেতা গাজীউল হকের সভাপতিত্বে যে ঐতিহাসিক সভা শুরু হয় সেখানে ছাত্রনেতা আব্দুল মতিনের প্রস্তাবে ১৪৪ ধারা ভঙ্গ করে ১০ জন করে মিছিল বের করার সিদ্ধান্ত হয়।<br>⇒ পুলিশের গুলিতে রফিক, জব্বার, বরকতসহ আরও অনেকে শহিদ হন।<br>বি. দ্র. ভাষা শহিদ সালাম এই দিন গুলিবিদ্ধ হয়ে ৭ এপ্রিল মারা যান।<br>⇒ আইন পরিষদের অধিবেশন থেকে আব্দুর রশীদ তর্কবাগীশসহ কয়েকজন সদস্যপদ ত্যাগ করেন। |
| ২৩ ফেব্রুয়ারি, ১৯৫২ | রাজশাহী কলেজের সামনে বিক্ষুব্ধ ছাত্রদের গড়া প্রথম 'শহিদ মিনার' পুলিশ গুড়িয়ে দেয়। |
| ২১ ফেব্রুয়ারি, ১৯৫৩ | সর্বপ্রথম দেশব্যাপী ২১ ফেব্রুয়ারি 'শহিদ দিবস' হিসেবে পালিত হয়। |
| ৯ মে, ১৯৫৪ | বাংলা ভাষাকে পাকিস্তান গণপরিষদ রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়। |
| ১৬ ফেব্রুয়ারি, ১৯৫৬ | বাংলা ভাষাকে পাকিস্তান জাতীয় পরিষদ রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়। |
| ২৩ শে মার্চ, ১৯৫৬ | পাকিস্তানের শাসনতন্ত্রে বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষার স্বীকৃতি দেওয়া হয়। |

*[বাংলাদেশ ও বিশ্ব সভ্যতার ইতিহাস, নবম-দশম শ্রেণি]*

## রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদসমূহ

| সংগঠনের নাম | গঠনের তারিখ | আহ্বায়ক |
|---|---|---|
| রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ (প্রথম) | ডিসেম্বর, ১৯৪৭ | অধ্যাপক নুরুল হক ভূঁইয়া (রসায়ন, ঢাবি) |
| "সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ" (দ্বিতীয়) | ২ মার্চ, ১৯৪৮ | শামসুল আলম |
| ঢাকা বিশ্ববিদ্যালয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ | ১১ মার্চ, ১৯৫০ | আব্দুল মতিন |
| সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ | ৩১ জানুয়ারি, ১৯৫২ | কাজী গোলাম মাহবুব |

### ❖ ভাষা শহিদের পরিচয়: ২১ শে ফেব্রুয়ারি শহিদ হন ৪ জন।

১. **রফিক উদ্দিন আহমেদ:** জন্ম: মানিকগঞ্জ জেলার সিঙ্গাইর উপজেলা। **পরিচয়:** মানিকগঞ্জ দেবেন্দ্রনাথ কলেজের বাণিজ্য বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র ছিলেন।

২. **আবুল বরকত:** জন্ম: মুর্শিদাবাদ, ভারত। **পরিচয়:** ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের এম এ ক্লাসের ছাত্র।

৩. **আব্দুল জব্বার:** জন্ম: ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা। **পরিচয়:** সাধারণ গ্রামীণ কর্মজীবী ছিলেন।

৪. **আব্দুস সালাম:** জন্ম: ফেনী জেলার দাগনভূঞা থানায়। **পরিচয়:** ডাইরেক্টর অব কর্মাস অ্যান্ড ইন্ডাস্ট্রি অফিসে রেকর্ড কিপার পদে চাকরি করতেন। মৃত্যু: গুলিবিদ্ধ হন ২১ শে ফেব্রুয়ারি, পরবর্তীতে ৭ এপ্রিল, ১৯৫২ সালে মৃত্যুবরণ করেন।

### ❖ ২২ শে ফেব্রুয়ারিতে নিহত

৫. **শফিউর রহমান:** জন্ম: হুগলি, ভারত। ঢাকার ঠিকানা: হেমেন্দ্রনাথ রোড, ঢাকা। **পরিচয়:** ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন ক্লাসের প্রাইভেট ছাত্র ও ঢাকা হাইকোর্টের কর্মচারী। বংশাল রোডে শহিদ হন।

৬. **আব্দুল আউয়াল:** জন্ম: মৌলভীবাজার। **পরিচয়:** রিকশাচালক। মৃত্যু: সশস্ত্র বাহিনীর মোটর গাড়ির নিচে চাপা পড়ে মৃত্যু হয়।

৭. **মো. অহিউল্লাহ:** জন্ম স্থান: লুৎফর রহমান লেন, ঢাকা। **পরিচয়:** শ্রমিক।

৮. **অজ্ঞাত বালক:** ২২ শে ফেব্রুয়ারি, ১৯৫২ সালে ১৪৪ ধারা ভঙ্গ করে মিছিলে অংশ নিয়েছিল। সশস্ত্র বাহিনীর গাড়ি চাপায় মৃত্যুবরণ করেন। [দৈনিক ইনকিলাব, ২১ শে ফেব্রুয়ারি, ২০১৬]

### ■ বাংলা ভাষার আন্তর্জাতিক স্বীকৃতি

- ১৭ নভেম্বর, ১৯৯৯ সালে ইউনেস্কোর ৩০ তম বৈঠকে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেওয়া হয়।
- ২০০০ সালে প্রথমবারের মত ১৮৮ টি দেশে একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হয়।
- ৫ ডিসেম্বর, ২০০৮ সালে জাতিসংঘ ২১ শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেয়।
- ২১ শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতির ক্ষেত্রে অবদানের জন্য ২০১৬ সালে রফিকুল ইসলাম এবং আব্দুস সালামকে স্বাধীনতা পুরস্কার প্রদান করা হয়।

### ■ সিয়েরা লিওন এর দ্বিতীয় রাষ্ট্রভাষা হিসেবে বাংলা

সিয়েরা লিওন বাংলা ভাষাকে তাদের অন্যতম সরকারি ভাষা হিসেবে ঘোষণা করে ২০০২ সালে।

### ■ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট

২০০১ সালের ১৫ মার্চ তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের তৎকালীন মহাসচিব কফি আনানের উপস্থিতিতে ভিত্তি প্রস্তর স্থাপন করেন।

**অবস্থান:** সেগুনবাগিচা, ঢাকা। ২০১০ সালের ২১ শে ফেব্রুয়ারি আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে।

**উদ্দেশ্য:** মাতৃভাষা চর্চা ও গবেষণা কেন্দ্র।

### ■ বাংলা একাডেমি

**প্রতিষ্ঠা:** ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর।

**অবস্থান:** বর্ধমান হাউজ, ঢাকা।

**উদ্দেশ্য:** বাংলা ভাষা, সাহিত্য এবং সংস্কৃতি বিষয়ক গবেষণা।

**পরিচালক:** (প্রথম) পরিচালক ড. মুহম্মদ এনামুল হক।

**মহাপরিচালক:** (প্রথম) প্রফেসর মযহারুল ইসলাম।

**বর্তমান মহাপরিচালক:** অধ্যাপক ড. মোহাম্মদ আজম।

**সভাপতি:** আবুল কাসেম ফজলুল হক।

## ভাষা আন্দোলনভিত্তিক শিল্প, সাহিত্যসমূহ

### একুশের প্রথম

| বিষয় | শিরোনাম | রচয়িতা |
|---|---|---|
| একুশের প্রথম গান | ভুলব না, ভুলব না.... | আ ন ম গাজীউল হক |
| প্রভাতফেরির গান | মৃত্যুকে যারা তুচ্ছ করিল.... | মোশারফ উদ্দিন চৌধুরী |
| কবিতা | কাঁদতে আসিনি, ফাঁসির দাবি নিয়ে এসেছি | মাহবুব উল আলম চৌধুরী |
| নাটক | কবর | মুনীর চৌধুরী |
| সংকলন | একুশে ফেব্রুয়ারি | হাসান হাফিজুর রহমান |
| উপন্যাস | আরেক ফাল্গুন | জহির রায়হান |
| চলচ্চিত্র | জীবন থেকে নেওয়া | জহির রায়হান |

| বিষয় | শিরোনাম | রচয়িতা |
|---|---|---|
| ইতিহাস নিয়ে বই | ভাষা আন্দোলনের ইতিহাস | সম্পাদক অধ্যাপক আবুল কাসেম |
| শহিদ মিনার ধ্বংসের প্রতিবাদে কবিতা | স্মৃতিস্তম্ভ | আলাউদ্দিন আল আজাদ |

**প্রভাতফেরির গান:** প্রভাতফেরির প্রথম গান: মোশারফ উদ্দিন 'আজকে স্মরিও তারে' শিরোনামে প্রভাতফেরির প্রথম গান লিখেন। পরবর্তীতে ১৯৫৪ সাল থেকে আব্দুল গাফফার চৌধুরী রচিত আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি.......প্রভাতফেরির গান হিসেবে গাওয়া হয়। প্রথম সুরকার আব্দুল লতিফ এবং বর্তমান সুরকার আলতাফ মাহমুদ।

## ভাষা আন্দোলনভিত্তিক সাহিত্য

| ধরন | সাহিত্যকর্ম | রচয়িতা |
|---|---|---|
| নাটক | কবর | মুনীর চৌধুরী |
| উপন্যাস | আরেক ফাল্গুন | জহির রায়হান |
| | আর্তনাদ | শওকত ওসমান |
| | নিরন্তর ঘণ্টাধ্বনি | সেলিনা হোসেন |
| সম্পাদিত গ্রন্থ | একুশে ফেব্রুয়ারি | হাসান হাফিজুর রহমান |
| চলচ্চিত্র | জীবন থেকে নেওয়া | জহির রায়হান |
| | Let there be light | |

## ভাষা আন্দোলনভিত্তিক শহিদ মিনার, ভাস্কর্য ও স্থাপত্য

**কেন্দ্রীয় শহিদ মিনার:**

**অবস্থান:** ঢাকার কেন্দ্রস্থল ঢাকা মেডিকেল কলেজ প্রাঙ্গণে অবস্থিত।

**স্থপতি:** ১৯৫৭ সালে শিল্পী হামিদুর রহমান।

**উচ্চতা:** ১৪ মিটার (৪৬ ফুট)

**ভাষা আন্দোলনভিত্তিক অন্যান্য শহিদ মিনার:** বাংলাদেশের সর্বোচ্চ শহিদ মিনার (৭১ ফুট)- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অবস্থিত।

**বহির্বিশ্বে শহিদ মিনার:**

১. বায়ান্নর ভাষা আন্দোলনে শহিদদের স্মরণে বহির্বিশ্বে প্রথম শহিদ মিনার নির্মিত হয় ১৯৯৭ সালে যুক্তরাজ্যের ওল্ডহ্যামে এবং দ্বিতীয়টি ১৯৯৯ সালে লন্ডনের টাওয়ার হ্যামলেটে।
২. বাংলাদেশ সরকারের অর্থায়নে বহির্বিশ্বে প্রথম শহিদ মিনার নির্মিত হয় জাপানের টোকিওতে ২০০৫ সালে।
৩. মুসলিম দেশগুলোর মধ্যে প্রথম শহিদ মিনার নির্মিত হয়-ওমানে।

### ভাষা আন্দোলনে শহিদদের স্মরণে নির্মিত ভাস্কর্য

| ভাস্কর্য | স্থপতি | অবস্থান |
|---|---|---|
| মোদের গরব | অখিল পাল | বাংলা একাডেমি চত্বর |
| অমর একুশে | জাহানারা পারভীন | জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় |
| স্মৃতির মিনার | হামিদুজ্জামান | জাতীয় বিশ্ববিদ্যালয় |
| শহিদ মিনার | মুর্তজা বশির | রাজশাহী বিশ্ববিদ্যালয় |

## এক কথায় প্রশ্নোত্তর

**১. একুশে ফেব্রুয়ারি নিয়ে প্রথম কবিতা লিখেন কে?**
উত্তর: মাহবুব-উল-আলম চৌধুরী।

**২. শওকত ওসমানের আর্তনাদ উপন্যাসের পটভূমি কী?**
উত্তর: ভাষা আন্দোলন।

**৩. ভাষা আন্দোলন গবেষণা কেন্দ্র ও জাদুঘর কোথায় অবস্থিত?**
উত্তর: ধানমন্ডি ১০ নম্বর, ঢাকা।

**৪. কেন্দ্রীয় শহিদ মিনারের স্থপতি হামিদুর রহমানকে সহযোগিতা করেছিলেন কে?**
উত্তর: নভেরা আহমেদ।

**৫. কেন্দ্রীয় শহিদ মিনারের উদ্বোধন করেন কে?**
উত্তর: শহিদ আবুল বরকতের মা হাসিনা বেগম।

**৬. মুসলিম দেশগুলোর মধ্যে প্রথম শহিদ মিনার নির্মিত হয় কোথায়?**
উত্তর: ওমানে।

**৭. স্মৃতির মিনার ভাস্কর্যটির স্থপতি কে?**
উত্তর: হামিদুজ্জামান।

**৮. "অমর একুশে" ভাস্কর্যের স্থপতি কে?**
উত্তর: জাহানারা পারভীন।

**৯. বাংলাদেশ সরকারের অর্থায়নে প্রথম শহিদ মিনার নির্মিত হয় কোথায়?**
উত্তর: জাপানের টোকিওতে (২০০৫)।

**১০. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অবস্থিত সর্বোচ্চ শহিদ মিনারের উচ্চতা কত?**
উত্তর: ৭১ ফুট।

**১১. কেন্দ্রীয় শহিদ মিনারের উচ্চতা কত ফুট?**
উত্তর: ৪৬ ফুট (১৪ মিটার)।

**১২. ভাষা আন্দোলন জাদুঘর কোথায় অবস্থিত?**
উত্তর: বর্ধমান হাউজ, ঢাকা।

**১৩. ভাষা আন্দোলনের ওপর ভিত্তি করে নির্মিত চলচ্চিত্রের নাম কী?**
উত্তর: জীবন থেকে নেয়া, Let there be light।

**১৪. একুশের প্রথম গান কোনটি?**
উত্তর: ভুলব না, ভুলব না (আ.ন.ম. গাজীউল হক)।

**১৫. বাংলা একাডেমি প্রকাশিত প্রথম গ্রন্থ কোনটি?**
উত্তর: আহমদ শরীফ সম্পাদিত, দৌলত উজির বাহরাম খান রচিত লাইলি মজনু।

**১৬. বাংলা একাডেমির প্রথম মহাপরিচালক কে?**
উত্তর: প্রফেসর মযহারুল ইসলাম।

**১৭. আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?**
উত্তর: সেগুনবাগিচা, ঢাকা।

**১৮. বাংলা একাডেমি কত সালে প্রতিষ্ঠিত হয়?**
উত্তর: ১৯৫৫ সালের ৩রা ডিসেম্বর।

**১৯. 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি গানটি', প্রভাতফেরির গান হিসেবে কবে থেকে গাওয়া হয়?**
উত্তর: ১৯৫৪ সালে।

**২০. ২১ শে ফেব্রুয়ারিতে কে ১৪৪ ধারা ভাঙ্গার প্রস্তাব দেন?**
উত্তর: ভাষা সৈনিক আবদুল মতিন।

**২১. ২১ শে ফেব্রুয়ারির ১ম শহিদ কে?**
উত্তর: রফিক উদ্দীন আহমদ।

**২২. ২১ শে ফেব্রুয়ারির আগে কবে ভাষা দিবস পালিত হত?**
উত্তর: ১১ মার্চ।

**২৩. 'উর্দু এবং একমাত্র উর্দুই হবে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা' এ ঘোষণা দেন কে?**
উত্তর: মোহাম্মদ আলী জিন্নাহ, ২১ মার্চ ১৯৪৮, ঢাকার তৎকালীন রেসকোর্স ময়দানে।

**২৪. বাংলাকে আন্তর্জাতিক মাতৃভাষা হিসেবে ঘোষণা করা হয় কবে?**
উত্তর: ১৭ নভেম্বর, ১৯৯৯।

**২৫. বাংলা ভাষায় আন্তর্জাতিক স্বীকৃতিতে কোন সংগঠনটি ভূমিকা রাখে?**
উত্তর: Mother Language Lovers of the World।

**২৬. ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন?**
উত্তর: খাজা নাজিমুদ্দীন।

**২৭. ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের গর্ভনর জেনারেল কে ছিলেন?**
উত্তর: মালিক গোলাম মোহাম্মদ।

**২৮. পাকিস্তানের শতকরা কতভাগ মানুষ বাংলায় কথা বলত?**
উত্তর: ৫৬.৪০%।

**২৯. পাকিস্তানে উর্দু ভাষী জনসংখ্যার হার কত ছিল?**
উত্তর: ৩.২৭%।

**৩০. ১৯৫২ সালের ২১ শে ফেব্রুয়ারি বাংলা কত তারিখ ছিল?**
উত্তর: ৮ ফাল্গুন (১৩৫৮) বৃহস্পতিবার।

**৩১. তমদ্দুন মজলিস কবে গঠিত হয়?**
উত্তর: ১৯৪৭ সালের ২ সেপ্টেম্বর।

**৩২. ভাষা আন্দোলনের মুখপাত্রের নাম কী?**
উত্তর: সাপ্তাহিক সৈনিক।

**৩৩. 'তমদ্দুন মজলিস' নামক সাংস্কৃতিক সংগঠন কার নেতৃত্বে গঠিত হয়?**
উত্তর: ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবুল কাশেম।

**৩৪. 'তমদ্দুন মজলিস' ভাষা আন্দোলন বিষয়ক কোন পুস্তিকা প্রকাশ করে?**
উত্তর: 'পাকিস্তানের রাষ্ট্রভাষা বাংলা না উর্দু' (প্রকাশকাল ১৫ সেপ্টেম্বর, ১৯৪৭)।

**৩৫. উর্দুকে রাষ্ট্রভাষা করার বিরুদ্ধে এবং রাষ্ট্রভাষা বাংলার দাবিতে 'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয় কখন?**
উত্তর: ২মার্চ, ১৯৪৮ সালে।

**৩৬. 'সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয় কবে?**
উত্তর: ৩১ জানুয়ারি, ১৯৫২।

**৩৭. পাকিস্তান জাতীয় পরিষদ উর্দুর পাশাপাশি বাংলাকে কবে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়?**
উত্তর: ১৬ ফেব্রুয়ারি, ১৯৫৬।

**৩৮. পাকিস্তান গণপরিষদ বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয় কখন?**
উত্তর: ৯ মে, ১৯৫৪।

**৩৯. প্রথম শহিদ মিনার আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয় কবে?**
উত্তর: ১৯৫২ সালের ২৪ ফেব্রুয়ারি।

**৪০. প্রথম তৈরি 'শহিদ মিনার' উন্মোচন করেন কে?**
উত্তর: শহিদ শফিউরের পিতা মাহবুবুর রহমান।

**৪১. একুশের প্রথম গান 'ভুলব না ভুলব না একুশে ফেব্রুয়ারি ভুলব না'-এর রচয়িতা কে?**
উত্তর: ভাষা সৈনিক আ ন ম গাজীউল হক।

**৪২. ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি ১৪৪ ধারা ভঙ্গ করে ঢাকা মেডিকেল কলেজের আমতলায় কার সভাপতিত্বে ছাত্র যুবক সমাবেশ হয়?**
উত্তর: ভাষা সৈনিক আ ন ম গাজীউল হক।

**৪৩. ভাষা আন্দোলনের সময় পূর্ব বাংলার প্রাদেশিক গভর্নর কে ছিলেন?**
উত্তর: ফিরোজ খান নূন।

**৪৪. পাকিস্তানের প্রধানমন্ত্রী খাজা নাজিমুদ্দীন 'উর্দু হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা' ঘোষণা দেয় কবে?**
উত্তর: ২৬ জানুয়ারি, ১৯৫২ সালে।

## Teacher's Work

**১. ভাষা শহিদদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন-** *[১৭তম নিবন্ধন সহকারী শিক্ষক -২০২২]*
ক) আব্দুস সালাম খ) রফিক উদ্দিন গ) আবুল বরকত ঘ) সকলেই

**২. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বাংলাদেশ কেন্দ্রীয় শহিদ মিনারের ছবি সম্বলিত ডাকটিকেট বিশ্বের কোন দেশ প্রকাশ করেছে?** *[১৫তম নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৯]*
ক) যুক্তরাষ্ট্র খ) যুক্তরাজ্য গ) ভারত ঘ) কানাডা

**৩. ১৯৪৮ সালে পাকিস্তান পরিষদে কে বাংলা ভাষাকে গণপরিষদের অন্যতম ভাষা হিসেবে ব্যবহারের প্রস্তাব রাখেন?** *[১৩তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা - ২০১৬]*
ক) ধীরেন্দ্রনাথ দত্ত খ) আবুল কাশেম গ) মওলানা ভাসানী ঘ) যোগেশচন্দ্র ঘোষ

**৪. বাংলা ভাষাকে বাংলাদেশ ব্যতীত যে দেশের রাষ্ট্রভাষা করা হয়েছে-** *[১৩তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা - ২০১৬]*
ক) সোমালিয়া খ) নেপাল গ) সিয়েরালিওন ঘ) লিবিয়া

**৫. ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে জাতিসংঘের কোন অঙ্গসংগঠন স্বীকৃতি প্রদান করে?** *[১২তম নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৫]*
ক) ইউএনডিপি খ) ইউনেস্কো গ) ইউএনএফপিএ ঘ) আইএলও

**৬. আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?** *[১১তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা - ২০১৪]*
ক) ঢাকা খ) বেইজিং গ) নিউইয়র্ক ঘ) প্যারিস

**৭. কোন বিদেশী রাষ্ট্র ভাষা বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে?** *[৬ষ্ঠ নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১০]*
ক) রুয়ান্ডা খ) ইরিত্রিয়া গ) সিয়েরা লিওন ঘ) লাইবেরিয়া

# ১৯৫৪'র যুক্তফ্রন্ট নির্বাচন

➤ ১৯৫৩ সালের ৪ ডিসেম্বর যুক্তফ্রন্ট গঠিত হয়। যুক্তফ্রন্টে দলের সংখ্যা নিয়ে মতভেদ আছে। যথা-

| দলের সংখ্যা | | যুক্তফ্রন্টে রাজনৈতিক দল | দলের সংখ্যা | |
|---|---|---|---|---|
| বাংলাপিডিয়ার মতে ৫টি | ১ | হোসেন শহিদ সোহরাওয়ার্দী ও মওলানা ভাসানীর নেতৃত্বাধীন আওয়ামী মুসলিম লীগ | ১ | নবম-দশম শ্রেণির 'বাংলাদেশ ও বিশ্ব পরিচয়' মতে ৪টি |
| | ২ | এ কে ফজলুল হকের নেতৃত্বাধীন কৃষক শ্রমিক পার্টি | ২ | |
| | ৩ | মাওলানা আতাহার আলীর নেতৃত্বাধীন নেজাম-ই-ইসলামী | ৩ | |
| | ৪ | হাজী দানেশের নেতৃত্বাধীন বামপন্থী গণতন্ত্রী দল | ৪ | |
| | ৫ | খিলাফতে রব্বানী পার্টি | | |

➤ নির্বাচনে যুক্তফ্রন্টের প্রতীক ছিল নৌকা এবং ২১ দফা কর্মসূচির ভিত্তিতে যুক্তফ্রন্ট নির্বাচনে অংশগ্রহণ করে।

➤ একুশ দফা দাবির প্রথম দাবি ছিল বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকার করা।

➤ ১৯৫৪ সালের ৪ এপ্রিল যুক্তফ্রন্ট পূর্ব বাংলায় মন্ত্রিসভা গঠন করে।

➤ মন্ত্রিসভার মুখ্যমন্ত্রী হন এ. কে ফজলুল হক। শেখ মুজিবুর রহমান এই মন্ত্রিসভায় কৃষি, বন, সমবায় ও পল্লী উন্নয়ন মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন।

### ১৯৫৪ সালের পূর্ব বাংলার প্রাদেশিক নির্বাচনের ফলাফল

### ■ কাগমারি সম্মেলন ১৯৫৭

**সম্মেলনের তারিখ:** ৭ ফেব্রুয়ারি, ১৯৫৭।
**স্থান:** টাঙ্গাইল জেলার সন্তোষে।
**সভাপতি:** মওলানা আব্দুল হামিদ খান ভাসানী।
**প্রধান অতিথি:** হোসেন শহিদ সোহরাওয়ার্দী।
**প্রধান এজেন্ডা:** পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসন ও বৈদেশিক নীতি।

## এক কথায় প্রশ্নোত্তর

**১. ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্ট কতটি আসন লাভ করে?**
উত্তর: মুসলমানদের জন্য সংরক্ষিত ২৩৭ টি আসনের মধ্যে ২২৩টি।

**২. ১৯৫৪ সালে পূর্ব বাংলার প্রাদেশিক নির্বাচনে কাদের প্রভাব পরিলক্ষিত হয়?**
উত্তর: মধ্যবিত্ত শিক্ষিত শ্রেণির।

**৩. ১৯৫৪ সালে প্রাদেশিক পরিষদ নির্বাচনের ফলাফল কী ছিল?**
উত্তর: যুক্তফ্রন্ট ২২৩টি, মুসলিম লীগ ৯টি, খেলাফত রব্বানী ১টি ও স্বতন্ত্র ৪টি।

**৪. পূর্ব পাকিস্তান মুসলিম লীগের বিপক্ষে সমমনা চারটি দল নিয়ে কবে যুক্তফ্রন্ট গঠিত হয়?**
উত্তর: ৪ ডিসেম্বর, ১৯৫৩ সালে।

**৫. ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্টের নির্বাচনী প্রচারণা পরিচালিত হয় কিসের ভিত্তিতে?**
উত্তর: ২১ দফার ভিত্তিতে।

**৬. ২১ দফা দাবির প্রথম দফা ছিল?**
উত্তর: বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষার স্বীকৃতি অর্জন।

**৭. ৪ এপ্রিল, ১৯৫৪ যুক্তফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী হন কে?**
উত্তর: এ কে ফজলুল হক।

**৮. যুক্তফ্রন্ট সরকার কত দিন ক্ষমতায় ছিল?**
উত্তর: ৫৬ দিন।

**৯. যুক্তফ্রন্ট গঠিত হয় কোন কোন দল নিয়ে?**
উত্তর: আওয়ামী মুসলিম লীগ (মওলানা ভাসানী), কৃষক শ্রমিক পার্টি (এ কে ফজলুল হক), নেজামে ইসলাম (মাওলানা আতাহার আলী), বামপন্থী গণতন্ত্রী দল (হাজী দানেশ) নিয়ে।

**১০. পাকিস্তানের তৎকালীন গভর্নর জেনারেল গোলাম মোহাম্মদ কবে ফজলুল হক মন্ত্রিসভা ভেঙ্গে দিয়ে পূর্ব বাংলায় কেন্দ্রের শাসন জারি করেন?**
উত্তর: ১৯৫৪ সালের ৩০ মে।

**১১. গণ পরিষদে 'পাকিস্তান শাসনতন্ত্র বিল' উত্থাপিত হয় কবে?**
উত্তর: ১৯৫৬ সালের ৮ জানুয়ারি।

**১২. 'পাকিস্তান শাসনতন্ত্র বিল' উত্থাপন করেন কে?**
উত্তর: তৎকালীন আইনমন্ত্রী আই চন্দ্রীগড়।

**১৩. পাকিস্তান শাসনতন্ত্র বিলটি গণপরিষদে চূড়ান্তভাবে গৃহীত হয় কবে?**
উত্তর: ২১ জানুয়ারি, ১৯৫৬ সালে।

**১৪. পাকিস্তানের প্রথম শাসনতন্ত্রের নাম কী ছিল?**
উত্তর: ইসলামী প্রজাতন্ত্র সংবিধান।

**১৫. ইসলামী প্রজাতন্ত্র সংবিধান কার্যকর হয় কবে?**
উত্তর: ২৩ মার্চ, ১৯৫৬।

**১৬. ইসলামী প্রজাতন্ত্র সংবিধান বাতিল করা হয় কবে?**
উত্তর: ৭ অক্টোবর, ১৯৫৮।

**১৭. কোন প্রস্তাবের ভিত্তিতে ছয় দফা রচিত হয়?**
উত্তর: লাহোর প্রস্তাব।

**১৮. কোন শিক্ষা কমিশনের বিরুদ্ধে ১৯৬২ সালে শিক্ষা আন্দোলন শুরু হয়?**
উত্তর: শরীফ শিক্ষা কমিশন।

**১৯. ১৯৬২ এর শিক্ষা আন্দোলনের ১ম শহিদ কে?**
উত্তর: ওয়াজিউল্লাহ।

**২০. পাকিস্তানের রাজধানী করাচি থেকে ইসলামাবাদে স্থানান্তর করা হয় কবে?**
উত্তর: ১৯৬২ সালে।

**২১. প্রেসিডেন্ট আইয়ুব খান সামরিক শাসন প্রত্যাহার করেন কবে?**
উত্তর: ২৩ মার্চ, ১৯৬০।

**২২. জেনারেল আইয়ুব খান ক্ষমতা দখল করেন কবে?**
উত্তর: ২৭ অক্টোবর, ১৯৫৮।

**২৩. মৌলিক গণতন্ত্রীদের ভোটে প্রথম রাষ্ট্রপতি নির্বাচিত হন কে?**
উত্তর: জেনারেল আইয়ুব খান।

**২৪. বাংলাদেশে শিক্ষা দিবস পালিত হয় কবে?**
উত্তর: ১৭ সেপ্টেম্বর।

**২৫. পাকিস্তানের ১ম শিক্ষা কমিশনের নাম কী?**
উত্তর: শরীফ শিক্ষা কমিশন।

**২৬. গণতন্ত্র পুনরুদ্ধারে ন্যাশনাল ডেমোক্রেটিক ফ্রন্ট গঠনের সিদ্ধান্ত নেন কে?**
উত্তর: হোসেন শহিদ সোহরাওয়ার্দী।

**২৭. পাকিস্তানের দ্বিতীয় সংবিধান কবে প্রণয়ন করা হয়?**
উত্তর: ১৯৬২ সালে।

**২৮. ১৯৫৮ সালের ৭ অক্টোবর পাকিস্তানে সামরিক শাসন জারি করেন কে?**
উত্তর: রাষ্ট্রপতি ইস্কান্দার মির্জা।

**২৯. কাগমারী সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?**
উত্তর: ১৯৫৭ সালের ৭ ফেব্রুয়ারি, টাঙ্গাইলের সন্তোষে।

## Teacher's Work

**১. ১৯৫৪ সালে নির্বাচনে যুক্তফ্রন্টের কয়টি দফা ছিল?** *[১৪তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা- ২০১৭]*
ক ৬টি খ ১১টি গ ২১টি ঘ ৮টি

**২. যুক্তফ্রন্টের ২১ দফার ১ম দফাটি ছিল-** *[১৪তম নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)-২০১৭]*
ক বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠা করা
খ পাটকল জাতীয়করণ করা
গ চাকরিতে সকলের সমান অধিকার নিশ্চিত করা
ঘ পূর্ব পাকিস্তানের সুষম উন্নয়ন নিশ্চিত করা

**৩. তৎকালীন পাকিস্তানের শিক্ষা আন্দোলন হয় কত সালে?** *[১৩তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা- ২০১৬]*
ক ১৯৫৬ খ ১৯৬২ গ ১৯৬৬ ঘ ১৯৬৮

**৪. ১৯৫৮ সালের নির্বাচনে যুক্তফ্রন্ট কতটি আসনে জয়লাভ করেছিল?** *[৪৬তম বিসিএস]*
ক ২১৯ খ ২২১ গ ২২৩ ঘ ২২৫

# ১৯৫৮'র আইয়ুব খানের সামরিক শাসন

| | |
|---|---|
| ০৭ অক্টোবর, ১৯৫৮ | প্রধানমন্ত্রী ফিরোজ খান নুনকে উৎখাত করে প্রেসিডেন্ট ইস্কান্দার মীর্জার প্রথম সামরিক শাসন জারি। |
| ২৭ অক্টোবর, ১৯৫৮ | আইয়ুব খান কর্তৃক ইস্কান্দার মীর্জা ক্ষমতাচ্যুত। |
| ২৮ অক্টোবর, ১৯৫৮ | আইয়ুব খান রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণ করেন। |

## ■ আইয়ুব খানের মৌলিক গণতন্ত্র- ১৯৫৯ (Basic Democracy):

- আইয়ুব খান "মৌলিক গণতন্ত্র অধ্যাদেশ" জারি করেন- ২৭ অক্টোবর, ১৯৫৯।
- মৌলিক গণতন্ত্র: এক নতুন ধরনের স্থানীয় সরকার ব্যবস্থা। এ ব্যবস্থায় ৪ স্তরবিশিষ্ট একটি প্রশাসনিক কাঠামো ছিল-
  ১. ইউনিয়ন কাউন্সিল
  ২. থানা কাউন্সিল
  ৩. জেলা কাউন্সিল
  ৪. বিভাগীয় কাউন্সিল
- আইয়ুব খান নতুন সংবিধান ঘোষণা করেন- ১৯৬২ সালের ১ মার্চ।

## এক কথায় প্রশ্নোত্তর

**১. কোন সালে পাকিস্তানে প্রথম সামরিক শাসন জারি হয়?**
**উত্তর:** ১৯৫৮।

**২. পাকিস্তানে ১৯৫৮ সালে মার্শাল ল জারি হলে ক্ষমতায় বসেন কে?**
**উত্তর:** আইয়ুব খান।

**৩. পাকিস্তানের শাসনতন্ত্র (সংবিধান) কবে প্রথম প্রবর্তিত হয়?**
**উত্তর:** ১৯৫৬।

**৪. পূর্ববঙ্গের নাম কখন পূর্ব পাকিস্তান করা হয়?**
**উত্তর:** ১৯৫৬।

## Teacher's Work

**১. পাকিস্তানের সংবিধান প্রণয়নে কোন বাঙালির ভূমিকা ছিল?**
ক) হোসেন শহীদ সোহরাওয়ার্দী　খ) ফজলুল হক　গ) আবুল মনসুর আহমদ　ঘ) চৌধুরী রহমত আলী

**২. পাকিস্তানের প্রথম সংবিধানের অনুচ্ছেদ ছিল কতটি?**
ক) ২২২টি　খ) ২৩৪টি　গ) ৩১৪টি　ঘ) ৩১১টি

**৩. আইয়ুব খান কত সালে মৌলিক গণতন্ত্র জারি করেন?**
ক) ১৯৫৯　খ) ১৯৬১　গ) ১৯৬৯　ঘ) ১৯৬২

# ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান

১৯৬৬ সালের ৬-দফা ভিত্তিক স্বায়ত্তশাসনের দাবি, ১৯৬৮ সালের আগরতলা মামলার আসামিদের মুক্তি ও আইয়ুব-মোনায়েম সরকারের শোষণনীতি ও অত্যাচার এর বিরুদ্ধে ঊনসত্তরের গণঅভ্যুত্থান ছিল সবচেয়ে বড় প্রতিবাদ।

- ২০ জানুয়ারি– ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের এম.এ ক্লাসের ছাত্র আসাদুজ্জামান পুলিশের গুলিতে নিহত হয়। এই জন্য ২০ জানুয়ারি হচ্ছে আসাদ দিবস।
- ২৪ জানুয়ারি– নবকুমার ইনস্টিটিউটের নবম শ্রেণির ছাত্র মতিউরসহ গণঅভ্যুত্থানে সারা দেশে আরও অনেকে নিহত হয়। এই জন্য ২৪ জানুয়ারি গণঅভ্যুত্থান দিবস।
- ১৫ ফেব্রুয়ারি– আগরতলা মামলার ১৭নং আসামি সার্জেন্ট জহুরুল হককে কুর্মিটোলা ক্যান্টনমেন্টে হত্যা করে।
- ১৮ ফেব্রুয়ারি– রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ও প্রক্টর শামসুজ্জোহা পুলিশের গুলিতে নিহত হন। তিনিই ছিলেন বাংলাদেশের প্রথম শহিদ বুদ্ধিজীবী। তার স্মরণে বিশ্ববিদ্যালয়ের সামনে ভাস্কর্য 'স্ফুলিঙ্গ' ও একটি আবাসিক হল রয়েছে।
- ২২ ফেব্রুয়ারি– আগরতলা মামলা প্রত্যাহার করা হয় ও বঙ্গবন্ধুসহ অন্যান্য বন্দীদের মুক্তি দেয়।

## এক কথায় প্রশ্নোত্তর

**৫. আসাদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগের ছাত্র ছিলেন?**
**উত্তর:** ইতিহাস বিভাগের।

**৬. শহিদ আসাদ দিবস কবে?**
**উত্তর:** ২০ জানুয়ারি।

**৭. ঊনসত্তরের গণঅভ্যুত্থানে প্রথম শহিদ বুদ্ধিজীবী কে?**
**উত্তর:** রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. শামসুজ্জোহা।

**৮. শহিদ শামসুজ্জোহা কোন বিভাগের অধ্যাপক ছিলেন?**
**উত্তর:** রসায়ন বিভাগ (রাবি)।

**৯. 'সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ' গণঅভ্যুত্থানে কয় দফা কর্মসূচি ঘোষণা করে?**
**উত্তর:** এগার দফা।

**১০. 'আসাদ গেট' কোন স্মৃতি রক্ষার্থে নির্মিত?**
**উত্তর:** ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান।

১১. ১৯৬৯-এর গণঅভ্যুত্থানের পটভূমিতে রচিত উপন্যাস- চিলেকোঠার সেপাই এর রচয়িতা কে?
উত্তর: আখতারুজ্জামান ইলিয়াস।

১২. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পূর্ব বাংলার নতুন নামকরণ বাংলাদেশ' করেন কবে?
উত্তর: ৫ ডিসেম্বর, ১৯৬৯ সালে।

১৩. এগার দফা ঘোষণা হয় কবে?
উত্তর: ১৯৬৯ সালে।

১৪. ১৯৬৯ সালের ২৪ জানুয়ারি পুলিশের গুলিতে নিহত হন কে?
উত্তর: মতিউর রহমান।

১৫. গণঅভ্যুত্থান দিবস কবে?
উত্তর: ২৪ জানুয়ারি।

১৬. আগরতলা ষড়যন্ত্র মামলার আসামি কতজন?
উত্তর: ৩৫ জন।

১৭. গণঅভ্যুত্থানের সময় ১১ দফায় পাটের সর্বনিম্ন মূল্য কত টাকা ধার্য করার কথা বলা হয়েছিল?
উত্তর: ৪০ টাকা।

## Teacher's Work

৪. 'আসাদগেট' নামের পটভূমির সাথে জড়িত কোন সন? *[১৭তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা - ২০২২]*
ক ১৯৪৭ সন খ ১৯৫২ সন গ ১৯৬৯ সন ঘ ১৯৭১ সন

৫. মহান নেতা শেখ মুজিবুর রহমানকে কত সালে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করা হয়? *[১৫তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা - ২০১৯]*
ক ১৯৭০ খ ১৯৬৯ গ ১৯৬৮ ঘ ১৯৬৬

৬. গণঅভ্যুত্থান দিবস কবে পালিত হয়? *[বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা- ২০২২]*
ক ২৪ জানুয়ারি, ১৯৪৮ খ ৭ নভেম্বর, ১৯৭১ গ ৯ ডিসেম্বর, ১৯৫২ ঘ ২৪ জানুয়ারি, ১৯৬৯

৭. ১১ দফা কখন ঘোষণা করা হয়? *[ত্রয়োদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়- ২)- ২০১৬]*
ক ১৯৫৯ খ ১৯৬৯ গ ১৯৬৮ ঘ ১৯৬৬

৮. ১৯৭০ সালের নির্বাচনে পূর্ব পাকিস্তান জাতীয় পরিষদে আসন সংখ্যা ছিল- *[১২তম নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৫]*
ক ১৬৮টি খ ১৬৯টি গ ১৭০টি ঘ ১৬৭টি

## Student Practice

১. ১৯৫২ সালে পূর্ববাংলার মুখ্যমন্ত্রী কে ছিলেন?
ক খাজা নাজিমউদ্দীন খ নুরুল আমিন
গ আতাউর রহমান খান ঘ আবু হোসেন সরকার **খ**

২. ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাংলা সাল কত ছিল?
ক ১৩৫৮ খ ১৩৫৯ গ ১৩৭০ ঘ ১৩৭১ **ক**

৩. ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি তারিখে বুকের রক্ত নিয়ে মাতৃভাষার মান রক্ষা করেন শহিদ জব্বার, রফিক, বরকত, সালাম; ঐ দিনটি ছিল ফাল্গুন মাসের-
ক ৬ তারিখ খ ৮ তারিখ
গ ১০ তারিখ ঘ ১২ তারিখ **খ**

৪. ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি ছিল-
ক বৃহস্পতিবার খ শুক্রবার গ শনিবার ঘ. রবিবার **ক**

৫. রাষ্ট্রভাষার আন্দোলন অংকুরিত হয় ১৯৪৭ সালে, মহীরুহে পরিণত হয়-
ক ১৯৪৮ সালে খ ১৯৪৯ সালে
গ ১৯৫১ সালে ঘ ১৯৫২ সালে **ঘ**

৬. ১৯৫২ সালের তৎকালীন ভাষা আন্দোলন কিসের জন্ম দিয়েছিল?
ক এক রাজনৈতিক মতবাদের খ এক সাংস্কৃতিক আন্দোলনের
গ এক নতুন জাতীয় চেতনার ঘ এক নতুন সমাজ ব্যবস্থার **গ**

৭. ২১ ফেব্রুয়ারি প্রথম শহিদ দিবস পালিত হয় —— সালে।
ক ১৯৫২ খ ১৯৫৩ গ ১৯৫৪ ঘ ১৯৫৫ **খ**

৮. কত সালে বাংলা ভাষাকে সাংবিধানিকভাবে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়?
ক ১৯৫২ খ ১৯৫৪ গ ১৯৫৬ ঘ ১৯৬২ **গ**

৯. সর্বস্তরে বাংলা ভাষা প্রচলন আইন কত সালে পাস হয়?
ক ১৯৮৭ খ ১৯৮৮
গ ১৯৮৯ ঘ ১৯৫৬ **ক**

১০. সম্প্রতি ভারতের কোন রাজ্যে বাংলা ভাষাকে দ্বিতীয় সরকারি ভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে?
ক আসাম খ মিজোরাম গ ত্রিপুরা ঘ ঝাড়খণ্ড **ঘ**

১১. কোনটি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস?
ক ১৬ ডিসেম্বর খ ২৬ মার্চ
গ ২১ ফেব্রুয়ারি ঘ ১৪ এপ্রিল **গ**

১২. আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের উদ্দেশ্য-
ক ভাষা অধিকার খ মাতৃভাষার আন্তর্জাতিক স্বীকৃতি
গ মাতৃভাষার বিদেশে প্রচার ঘ মাতৃভাষার জনপ্রিয়তা **ক**

১৩. ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্ট কতটি আসন লাভ করে?
ক ২৮০টি খ ২২৩টি গ ২৯৮টি ঘ ১৭১টি **খ**

১৪. ১৯৫৪ সালের নির্বাচনে কোন দল জয়লাভ করে?
ক মুসলিম লীগ খ কংগ্রেস
গ ন্যাপ ঘ যুক্তফ্রন্ট **ঘ**

১৫. পূর্ব বাংলার যুক্তফ্রন্ট মন্ত্রিসভার প্রথম মুখ্যমন্ত্রীর নাম কী?
ক এ.কে ফজলুল হক খ চৌধুরী খালিকুজ্জামান
গ মুহাম্মদ আলী ঘ ইস্কান্দার মীর্জা **ক**

১৬. 'এগার দফা' কখন ঘোষণা হয়?
ক ১৯৬৭ খ ১৯৬৮ গ ১৯৬৯ ঘ ১৯৭০ **গ**

১৭. ১৯৫২ সালের ভাষা আন্দোলনে শহিদ আবুল বরকতের ডাক নাম কী ছিল?
ক খোকা খ আবাই গ আবু ঘ আবুল **খ**

১৮. ভাষা শহিদদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-
ক আব্দুল সালাম খ আবুল বরকত
গ রফিক উদ্দিন ঘ সকলেই **খ**

১৯. **ভাষার জন্য যিনি প্রাণ দিয়েছেন, তার নাম উল্লেখ করুন-**
ⓚ ইকবাল ⓚ আসাদ ⓖ সালাম ⓖ নূর হোসেন — গ

২০. **কে বায়ান্নর ভাষা আন্দোলনের শহিদ নন?**
ক) সালাম খ) জব্বার গ) আসাদ ঘ) বরকত — গ

২১. **১৯৫২ সনে ভাষা আন্দোলনে প্রথম শহিদ মিনার তৈরি হয় কবে?**
ক) ২২ ফেব্রুয়ারি খ) ২৩ ফেব্রুয়ারি
গ) ২৪ ফেব্রুয়ারি ঘ) ২৬ ফেব্রুয়ারি — খ

২২. **ঢাকায় কেন্দ্রীয় শহিদ মিনার কে উন্মোচন করেন?**
ক) শহিদ জব্বারের বাবা খ) শহিদ শফিউর রহমানের বাবা
গ) শহিদ বরকতের মা ঘ) শহিদ সালামের বাবা — গ

২৩. **কেন্দ্রীয় শহিদ মিনারের স্থপতি কে?**
ক) হামিদুর রহমান খ) শামীম শিকদার
গ) আমিনুল ইসলাম ঘ) নিতুন কুণ্ডু — ক

২৪. **নিচের কোন স্থান অন্য স্থান হতে আলাদা?**
ক) মুজিবনগর খ) থিয়েটার রোড, কলকাতা
গ) রেসকোর্স ময়দান ঘ) কেন্দ্রীয় শহিদ মিনার — ঘ

২৫. **দেশের সর্বোচ্চ (৭১ ফুট) শহিদ মিনার কোনটি?**
ক) কেন্দ্রীয় শহিদ মিনার খ) ইসলামী বিশ্ববিদ্যালয় শহিদ মিনার
গ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শহিদ মিনার
ঘ) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শহিদ মিনার — গ

২৬. **রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শহিদ মিনারের নকশা কে করেন?**
ক) শিল্পী ফণিভূষণ খ) শিল্পী মুর্তজা বশীর
গ) শিল্পী নিতুন কুণ্ডু ঘ) শিল্পী মৃণাল হক — খ

২৭. **বাংলাদেশের বাইরে প্রথম শহিদ মিনার স্থাপিত হয় কোন দেশে?**
ক) অস্ট্রেলিয়া খ) যুক্তরাজ্য
গ) যুক্তরাষ্ট্র ঘ) চীন — খ

২৮. **বাংলাদেশের বাইরে কোন মুসলিম দেশে সর্বপ্রথম শহিদ মিনার নির্মিত হয়?**
ক) বাহরাইনে খ) সংযুক্ত আরব আমিরাতে
গ) মিশরে ঘ) ওমানে — ঘ

২৯. **বাংলা একাডেমিতে ভাষা আন্দোলনের শহিদদের স্মরণে নির্মিত ভাস্কর্যের নাম কী?**
ক) ভাষার কথা খ) ভাষার স্বাধীনতা
গ) মোদের আশা ঘ) মোদের গরব — ঘ

৩০. **অমর একুশে ভাস্কর্যটি কোথায় অবস্থিত?**
ক) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে খ) খুলনা বিশ্ববিদ্যালয়ে
গ) ঢাকা বিশ্ববিদ্যালয়ে ঘ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে — ঘ

৩১. **এগার দফা কর্মসূচি ঘোষণা করে কে?**
ক) মুসলিম লীগ খ) সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ
গ) আওয়ামী লীগ ঘ) কংগ্রেস — খ

৩২. **'সত্য মামলা আগরতলা' বইটির লেখক–**
ক) শওকত ওসমান খ) শওকত আলী
গ) শামসুল আলম ঘ) সার্জেন্ট জহুরুল — খ

৩৩. **'শহিদ আসাদ দিবস' পালিত হয় কবে?**
ক) ১৫ জানুয়ারি খ) ২০ জানুয়ারি
গ) ২৫ জানুয়ারি ঘ) ৩০ জানুয়ারি — খ

৩৪. **বাংলাদেশের প্রথম শহিদ বুদ্ধিজীবী কে?**
ক) ড. শামসুজ্জোহা খ) জহির রায়হান
গ) গোবিন্দচন্দ্র দেব ঘ) শহীদুল্লাহ কায়সার — ক

৩৫. **শহিদ শামসুজ্জোহা ছিলেন একজন–**
ক) সঙ্গীত শিল্পী খ) অভিনেতা
গ) চিত্রকর ঘ) শিক্ষক — ঘ

৩৬. **উনসত্তরের গণঅভ্যুত্থানে প্রথম শহিদ বুদ্ধিজীবী কোন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক?**
ক) রাজশাহী খ) ঢাকা
গ) চট্টগ্রাম ঘ) জাহাঙ্গীরনগর — ক


৩৭. **রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. শামসুজ্জোহা শহিদ হন–**
ক) ১৯ই মার্চ, ১৯৬৯ খ) ১৮ই ফেব্রুয়ারি, ১৯৭১
গ) ১৮ই ফেব্রুয়ারি, ১৯৬৯ ঘ) ১৮ই ফেব্রুয়ারি, ১৯৭০ — গ

৩৮. **জোহা দিবস কোনটি?**
ক) ১৪ নভেম্বর খ) ১৮ ফেব্রুয়ারি
গ) ১৪ ডিসেম্বর ঘ) ১৮ মার্চ — খ

৩৯. **বাংলাদেশের জাতীয় পতাকা দিবস কবে?**
ক) ২ মার্চ খ) ৩ মার্চ গ) ১৬ মার্চ ঘ) ২৬ মার্চ — ক

৪০. **কে প্রথম বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন করেছিলেন?**
ক) জনাব শাহজাহান সিরাজ
খ) তৎকালীন ছাত্রনেতা ডাকসু ভিপি আ.স. ম আব্দুর রব
গ) ছাত্রনেতা নূরে আলম সিদ্দিকী
ঘ) তৎকালীন ছাত্রনেতা আবদুল কুদ্দুস মাখন — খ

৪১. **আসাদ গেট কোন স্মৃতি রক্ষার্থে নির্মিত হয়?**
ক) ১৯৫২ সালের ভাষা আন্দোলন
খ) ১৯৬৬ সালের ৬ দফা আন্দোলন
গ) ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ
ঘ) ১৯৬৯ সালের গণ অভ্যুত্থান — ঘ



## Home Work

NTRCA চাকুরি প্রত্যাশীদের জন্য বিগত বিভিন্ন নিয়োগ পরীক্ষায় আসা প্রশ্নগুলো থেকে গুরুত্বপূর্ণ প্রশ্নগুলো বাছাই করে এবং সাম্প্রতিক প্রশ্নোত্তর সংযোজনে সাজানো হয়েছে। যা মনে রাখতে পারলে শতভাগ কমন থাকবে।

১. **'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম কমিটি' গঠিত হয়?** *[৪৫, ২৩ তম বিসিএস]*
ক) ১৯৪৮ সালে খ) ১৯৫০ সালে
গ) ১৯৫২ সালে ঘ) ১৯৫৪ সালে — গ

২. **'পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ' এর প্রতিষ্ঠাকালীন সাধারণ সম্পাদক-** *[৪৫তম বিসিএস, ২৩]*
ক) শেখ মুজিবুর রহমান খ) শামছুল হক
গ) আতাউর রহমান খান ঘ) আবুল হাশিম — খ

৩. **রাষ্ট্রভাষা আন্দোলনে কোন সংস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে?** *[৪২তম বিসিএস]*
ক) তমদ্দুন মজলিস খ) ভাষা পরিষদ
গ) মাতৃভাষা পরিষদ ঘ) আমরা বাঙালি — ক

৪. **আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কোন সালে স্বীকৃত হয়?** *[২৬তম বিসিএস]*
ক) ১৯৯৮ খ) ১৯৯৯ গ) ২০০০ ঘ) ২০০১ — খ

৫. **১৯৪৮-১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় 'ভাষা দিবস' হিসেবে কোন দিনটি পালন করা হতো?** *[৪২তম বিসিএস]*
ক) ২৫ শে জানুয়ারি খ) ১১ই ফেব্রুয়ারি
গ) ১১ই মার্চ ঘ) ২৫ শে ফেব্রুয়ারি — গ

৬. **'Let there be light'-বিখ্যাত ছবিটি পরিচালনা করেন-** *[৪০তম বিসিএস]*
ক) আমজাদ হোসেন খ) জহির রায়হান
গ) খান আতাউর রহমান ঘ) শেখ নিয়ামত আলী — খ

৭. **মুজিবনগর সরকারকে গার্ড অব অনার নেতৃত্ব দেন কে?** *[৪৬ তম বিসিএস]*
ক) মোহাম্মদ সোলায়মান খ) আব্দুল খালেক
গ) মাহবুব উদ্দিন আহমেদ ঘ) শৈলেন্দ্র কিশোর চৌধুরী — গ

৮. **কোন আন্তর্জাতিক সংস্থা ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করেছে?** *[স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED), অফিস সহায়ক-'২৩]*
ক ইউনেস্কো খ ইউনিসেফ
গ ইউনেকা ঘ ইউএনডিপি ক

৯. **কোন দেশ বাংলা ভাষাকে দ্বিতীয় রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে?** *[ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ফায়ার ফাইটার (পুরুষ/মহিলা)-'২৩]*
ক ভারত খ নেপাল
গ সিয়েরা লিয়ন ঘ আমেরিকা গ

১০. **পাকিস্তানের গণপরিষদে উর্দুর পাশাপাশি বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবি কে জানিয়েছিলেন?** *(৩৫তম বিসিএস)*
ক তমিজউদ্দীন খান খ সৈয়দ আজমত খান
গ ধীরেন্দ্রনাথ দত্ত ঘ মনোরঞ্জন ধর গ

১১. **যুক্তফ্রন্টের ২১ দফার খসড়া প্রণয়ন করেন কে?** *[সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, জুনিয়র শিক্ষক-'২৩]*
ক এ কে ফজলুল হক খ মওলানা ভাসানী
গ আবুল মনসুর আহমদ ঘ হাবিবুর রহমান গ

১২. **ইউনেস্কোর কততম সম্মেলনে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয়?** *[১৬ তম নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)-২০১৯]*
ক ৩০তম খ ৩২তম
গ ৩৩তম ঘ ৩৪তম ক

১৩. **ঐতিহাসিক ২১ দফা দাবির প্রথম দাবি কী ছিল?** *[২১তম বিসিএস ও ২৮তম বিসিএস]*
ক প্রাদেশিক স্বায়ত্তশাসন
খ বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করা
গ পূর্ব বাংলার অর্থনৈতিক বৈষম্য দূরীকরণ
ঘ বিনা ক্ষতিপূরণে জমিদারি স্বত্বের উচ্ছেদ সাধন খ

১৪. **পাকিস্তান শাসনতন্ত্র পরিষদের ধারা বিবরণীতে বাংলা ভাষা ব্যবহারের দাবি কে প্রথম করেছিলেন?** *[৩৫তম বিসিএস ,২৪তম বিসিএস]*
ক আবুল হাশেম খ শেখ মুজিবুর রহমান
গ ড. মুহাম্মদ শহীদুল্লাহ ঘ ধীরেন্দ্রনাথ দত্ত ঘ

১৫. **কিসের ভিত্তিতে পূর্ব বাংলায় ভাষা আন্দোলন হয়েছিল?** *[৩৮তম বিসিএস; বা.প.বি.বো. (সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন)'২৩]*
ক দ্বি-জাতি তত্ত খ সামাজিক চেতনা
গ অসাম্প্রদায়িকতা ঘ বাঙালি জাতীয়তাবাদ ঘ

১৬. **১৯৫৪ সালের পূর্ববাংলা প্রাদেশিক পরিষদ নির্বাচনে যুক্ত ছিলেন না–** *[৩৮তম বিসিএস]*
ক শেরে বাংলা এ. কে. ফজলুল হক
খ হোসেন শহিদ সোহরাওয়ার্দী
গ মওলানা আবদুল হামিদ খান ভাসানী
ঘ নবাব স্যার সলিমুল্লাহ ঘ

১৭. **সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত হয়?** *[৩৬তম বিসিএস]*
ক ৩১ জানুয়ারি, ১৯৫২ খ ২ ফেব্রুয়ারি, ১৯৫২
গ ১৮ ফেব্রুয়ারি, ১৯৫২ ঘ ২০ জানুয়ারি, ১৯৫২ ক

১৮. **বাংলাভাষাকে পাকিস্তান গণপরিষদ কোন তারিখে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়?** *[৩৬তম বিসিএস]*
ক ৯ মে, ১৯৫৪ খ ২২ ফেব্রুয়ারি, ১৯৫৩
গ ১৬ ফেব্রুয়ারি, ১৯৫৬ ঘ ২১ ফেব্রুয়ারি, ১৯৫২ ক

১৯. **'আমার ভাইয়ের রক্তে রাঙানো ২১ ফেব্রুয়ারি' গানের রচয়িতা কে?** *[১৯তম, ১০ম বিসিএস]*
ক আবদুল গাফ্ফার চৌধুরী খ আলতাফ মাহমুদ
গ আবদুল লতিফ ঘ আবদুল আলীম ক

২০. **ঐতিহাসিক 'একুশে ফেব্রুয়ারি' বাংলা কত তারিখ ছিল?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১৮]*
ক ৩১ পৌষ খ ২৯ মাঘ গ ৯ মাঘ ঘ ৮ ফাল্গুন ঘ

২১. **১৯৫২ সালে তৎকালীন ভাষা আন্দোলন কিসের জন্ম দিয়েছিল?** *[১৪তম বিসিএস]*
ক এক রাজনৈতিক মতবাদের
খ এক সাংস্কৃতিক আন্দোলনের
গ এক নতুন জাতীয় চেতনার
ঘ এক নতুন সমাজ ব্যবস্থার গ

২২. **ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন?** *[১৩তম বিসিএস]*
ক খাজা নাজিম উদ্দিন খ নুরুল আমিন
গ লিয়াকত আলী কান ঘ মুহাম্মদ আলী জিন্নাহ ক

২৩. **'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি'- গানটির সুরকার কে?** *[১৩তম বিসিএস, মা.উ.শি.অ. (অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক) '২২; বি.বা.এ.(গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্টেন্ট) '২২]*
ক আবদুল লতিফ খ আবদুল আহাদ
গ আলতাফ মাহমুদ ঘ মাহমুদুন্নবী গ

২৪. **"এখানে যারা প্রাণ দিয়েছে রমনার উর্ধ্বমুখী কৃষ্ণচূড়ার নীচে সেখানে আমি কাঁদতে আসিনি" এর রচয়িতা-** *[১২তম বিসিএস]*
ক জহির রায়হান খ গাফ্ফার চৌধুরী
গ শামসুর রাহমান ঘ মাহবুব-উল-আলম চৌধুরী ঘ

২৫. **কোন আন্তর্জাতিক সংস্থা ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করেছে?** *[স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED), অফিস সহায়ক'২৩]*
ক ইউনেস্কো খ ইউনিসেফ
গ ইউনেকা ঘ ইউএনডিপি ক

২৬. **রাষ্ট্রভাষা বাংলার দাবিতে গঠিত 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ (দ্বিতীয়বারের মতো)' কবে গঠিত হয়?** *[সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, জুনিয়র শিক্ষক-'২৩]*
ক ১২ মার্চ, ১৯৪৮ খ ২ মার্চ, ১৯৪৮
গ ২৪ মার্চ, ১৯৪৮ ঘ ২২ মার্চ, ১৯৪৮ খ

২৭. **"All parties state language movement committee" was formed in-** *[সিকিউরিটি প্রিন্টিং প্রেস, সহকারী ব্যবস্থাপক-'২৩]*
ক 18 February খ 20 February
গ 21 February ঘ 31 January ঘ

২৮. **ভাষা শহিদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র কে ছিলেন?** *[শি.নি.প্র. (শিক্ষক) (স্কুল): ২০২২]*
ক আব্দুস সালাম খ রফিক উদ্দিন
গ আবুল বরকত ঘ সকলেই গ

২৯. **১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি তারিখে তৎকালীন পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন?** *[শি.নি.প্র. (শিক্ষক) (স্কুল) ২০২২]*
ক নুরুল আমিন খ লিয়াকত আলী খান
গ মোহাম্মদ আলী ঘ খাজা নাজিমউদ্দীন ঘ

৩০. **পূর্ব বাংলায় যুক্তফ্রন্ট কত সালে গঠন করা হয়?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১২]*
ক ১৯৫৩ সালে খ ১৯৫৪ সালে
গ ১৯৫৫ সালে ঘ ১৯৫৬ সালে ক

৩১. **আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বাংলাদেশ কেন্দ্রীয় শহিদ মিনারের ছবি সম্বলিত ডাকটিকেট বিশ্বের কোন দেশ প্রকাশ করেছে?** *[১৫তম নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৯]*
ক যুক্তরাষ্ট্র খ যুক্তরাজ্য গ ভারত ঘ কানাডা ক

৩২. **আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?** *[১১তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা'১৪]*
ক ঢাকা খ বেইজিং গ নিউইয়র্ক ঘ প্যারিস ক

৩৩. **তৎকালীন পাকিস্তানের শিক্ষা আন্দোলন হয় কত সালে?** *[১৩তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা- ২০১৬]*
ক ১৯৫৬ খ ১৯৬২ গ ১৯৬৬ ঘ ১৯৬৮ খ

৩৪. **ইউনেস্কোর কততম সম্মেলনে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয়?** *[১৬তম নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)-২০১৯]*
ক ৩০তম খ ৩২তম গ ৩৩তম ঘ ৩৪তম ক




১. **১১ দফা কখন ঘোষণা করা হয়?**
ক) ১৯৫৯
খ) ১৯৬৯
গ) ১৯৬৮
ঘ) ১৯৬৬

২. **কত সালে বাংলা ভাষাকে সাংবিধানিকভাবে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়?**
ক) ১৯৫২
খ) ১৯৫৪
গ) ১৯৫৬
ঘ) ১৯৬২

৩. **বাংলা একাডেমিতে ভাষা আন্দোলনের শহিদদের স্মরণে নির্মিত ভাস্কর্যের নাম কী?**
ক) ভাষার কথা
খ) ভাষার স্বাধীনতা
গ) মোদের আশা
ঘ) মোদের গরব

৪. **আসাদ গেট কোন স্মৃতি রক্ষার্থে নির্মিত হয়?**
ক) ১৯৫২ সালের ভাষা আন্দোলন
খ) ১৯৬৬ সালের ৬ দফা আন্দোলন
গ) ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ
ঘ) ১৯৬৯ সালের গণ অভ্যুত্থান

৫. **'শহিদ আসাদ দিবস' পালিত হয় কবে?**
ক) ১৫ জানুয়ারি
খ) ২০ জানুয়ারি
গ) ২৫ জানুয়ারি
ঘ) ৩০ জানুয়ারি

৬. **'আমার ভাইয়ের রক্তে রাঙানো ২১ শে ফেব্রুয়ারি' গানটির সুরকার কে?**
ক) আবদুল গফফার চৌধুরি
খ) আব্দুল লতিফ
গ) মাহবুব-উল-আলম চৌধুরী
ঘ) আলতাফ মাহমুদ

৭. **রাষ্ট্রভাষা আন্দোলনে কোন সংস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে?**
ক) তমদ্দুন মজলিস
খ) ভাষা পরিষদ
গ) মাতৃভাষা পরিষদ
ঘ) আমরা বাঙালি

৮. **"All parties state language movement committee" was formed in-**
ক) 18 February
খ) 20 February
গ) 21 February
ঘ) 31 January

৯. **তৎকালীন পাকিস্তানের শিক্ষা আন্দোলন হয় কত সালে?**
ক) ১৯৫৬
খ) ১৯৬২
গ) ১৯৬৬
ঘ) ১৯৬৮

১০. **ইউনেস্কোর কততম সম্মেলনে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয়?**
ক) ৩০তম
খ) ৩২তম
গ) ৩৩তম
ঘ) ৩৪তম

biddabari
**উত্তরমালা**

| | |
|---|---|
| ১ | খ |
| ২ | গ |
| ৩ | ঘ |
| ৪ | ঘ |
| ৫ | খ |
| ৬ | ঘ |
| ৭ | ক |
| ৮ | ঘ |
| ৯ | খ |
| ১০ | ক |

**এই Lecture Sheet পড়ার পাশাপাশি Biddabari your success benchmark কর্তৃপক্ষ কর্তৃক দেয়া এসাইনমেন্ট এর "বাংলাদেশ বিষয়াবলি" অংশটুকু ভালোভাবে চর্চা করতে হবে।**

